সৎ সঙ্গী ও অসৎ সঙ্গীর উদাহরণ হল, কস্তুরী বহনকারী (আতরওয়ালা) ও হাপরে ফু দানকারী (কামারের) ন্যায়।

আবূ মূসা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: সৎ সঙ্গী ও অসৎ সঙ্গীর উদাহরণ হল, কস্তুরী বহনকারী (আতরওয়ালা) ও হাপরে ফু দানকারী (কামারের) ন্যায়। কস্তুরী বহনকারী (আতরওয়ালা) হয়তো তোমাকে কিছু দান করবে অথবা তার কাছ থেকে তুমি কিছু খরিদ করবে অথবা তার কাছ থেকে সুবাস লাভ করবে। আর হাপরে
ফুঁ দানকারী (কামার) হয়ত তোমার কাপড় পুড়িয়ে দেবে অথবা তুমি তার কাছ থেকে দুর্গন্ধ পাবে।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুই শ্রেণির লোকের একটি উদাহরণ উপস্থাপন করেছেন: প্রথম প্রকার: উত্তম বন্ধু ও সহচর, যে আল্লাহ এবং তাঁর সন্তুষ্টির পথ দেখায় এবং আনুগত্যের কাজে সাহায্য করে। সে একজন কস্তুরী বিক্রেতার মত, হয় সে আপনাকে তার থেকে কিছুটা দেবে অথবা আপনি তার কাছ থেকে কিনবেন অথবা আপনি তার কাছ থেকে একটি সুন্দর ঘ্রাণ পাবেন। দ্বিতীয় প্রকার: খারাপ বন্ধু এবং সহচর। যে মানুষকে আল্লাহর পথে বাধা দেয় এবং পাপ কাজে সাহায্য করে। আপনি তার কাছ থেকে কুৎসিত কাজ দেখতে পাবেন এবং আপনি তার মত কাউকে সঙ্গ দেওয়া এবং তার সাথে বসার জন্য নিন্দিত হবেন। সে একজন কামারের মত যে তার আগুনে ফুঁক দেয়। হয় সে তার উড়ন্ত স্ফুলিঙ্গ থেকে আপনার জামা-কাপড় পুড়িয়ে দেবে, অথবা আপনি তার কাছ থেকে খারাপ গন্ধ পাবেন।

http://sunnah.global/hadeeth/bn/show/3127